

বিষয় : বন্যপ্রাণী পাচার প্রতিরোধ - সেপ্টেম্বর/২০২০ খ্রি:

১। তক্ষক পাচারঃ গত ২৫/০৯/২০২০ ইং তারিখে নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ থানা কর্তৃক সাইনবোর্ড এলাকা থেকে ০১ জন আসামীসহ ০১ টি তক্ষক উদ্ধার করা হয়, যার গায়ের রং লাল-সাদা ডোরা, লম্বা প্রায় ১৫ ইঞ্চি, ওজন ২৭৯ গ্রাম। জানা যায় পাচারকৃত তক্ষকটিকে বান্দরবন হতে সংগ্রহ করে মুন্সিগঞ্জে কোন একজনের কাছে হস্তান্তরের জন্য নিয়ে যাওয়া হচ্ছিলো। উদ্ধারকৃত তক্ষকটিকে পরবর্তীতে প্রাকৃতিক পরিবেশে অবমুক্ত করা হয়।

আসামীর বিষয়ে জানতে পরবর্তীতে সিদ্ধিরগঞ্জ থানায় যোগাযোগ করা হলে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জানান আসামীর রিমান্ড আবেদন না মঞ্জুর করায় মামলার তদন্ত কার্যক্রম স্থিতিশীল অবস্থায় রয়েছে এবং পরবর্তী কোর্ট শুনানীর তারিখে তারা পুনরায় তদন্তের স্বার্থে রিমান্ড আবেদন করবেন।



২। বনরুই পাচার-১: গত ২৬/০৯/২০২০ ইং তারিখে ঢাকাস্থ খিলগাঁও গোড়ানের নুরবাগ এলাকায় মো: শাহেদ আলীর রিকশা গ্যারেজ থেকে ১০ (দশ) কেজি ওজনের ০১টি পুরুষ বনরুই উদ্ধার করা হয়, যার বয়স আনুমানিক ০৭ (সাত) বছর। স্থানীয় লোকজনের সাথে কথা বলে জানা যায় যে, তারা ২৫/০৯/২০২০ইং তারিখ রাত ৯.০০ ঘটিকার সময় রিকশা গ্যারেজের ভিতরে গুঁইসাপের মতো কিছু একটা দেখতে পায় এবং ৯৯৯-এ ফোন দিয়ে বিষয়টি জানায়। পরে ৯৯৯ থেকে বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিটকে বিষয়টি অবগত করলে বনরুইটি উদ্ধার করে বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক, গাজীপুরে পরিচর্যার জন্য প্রেরণ করা হয়।

আমাদের দেশে সাধারণত সিলেট এবং চট্টগ্রাম অঞ্চলের পাহাড়ি এলাকা ছাড়া অন্য কোথাও বনরুই থাকার কথা নয়। যেহেতু বনরুইটি ঢাকার খিলগাঁও নামক স্থান থেকে পাওয়া গেছে, তাই ধারণা করা হচ্ছে পাচারের উদ্দেশ্যেই বনরুইটি উক্ত এলাকায় আনা হয়েছিলো।



৩। বনরুই পাচার-২: গত ২৯/০৯/২০২০ইং তারিখে ডাকুরাইল, কালিয়াকৈর, গাজীপুরের মো: শাহজাহান সাহেবের বাড়ি থেকে নয় (০৯) কেজি ওজনের আনুমানিক ১২ (বারো) বছর বয়সী আরও ০১ (এক) টি পুরুষ বনরুই উদ্ধার করা হয়। স্থানীয় লোকজনের সাথে কথা বলে জানা যায় যে, তারা প্রায় ০২ (দুই) মাস যাবৎ উক্ত এলাকায় বনরুইটি আসা যাওয়া করতে দেখে আসছে। এক পর্যায়ে গত ২৫/০৯/২০২০ইং তারিখে কিছু উৎসুক জনতা রাত ৯.০০ ঘটিকার দিকে বনরুইটি ধরে ফেসবুকে ছবি পোস্ট করে এবং বিষয়টি বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিটের নজরে আসলে গত ২৬/০৯/২০২০ ইং তারিখে বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিটের পক্ষ থেকে বনরুইটি উদ্ধার করতে গেলে তারা বনরুইটি বস্তা ছিড়ে নিজ থেকে চলে গেছে মর্মে জানান। কিন্তু বিষয়টি সন্দেহাতীত মনে হওয়ায় বন্যপ্রাণী অপরাধ

দমন ইউনিট গত ২৭/০৯/২০২০ এবং ২৮/০৯/২০২০ ইং তারিখে তদন্ত চালিয়ে যায় এবং গত ২৯/০৯/২০২০ ইং তারিখে বনঝুইটি উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে বনঝুইটি উদ্ধার করে বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক, গাজীপুরে পরিচর্যার জন্য প্রেরণ করা হয়।

